

■ কাফ | Qaf | ভ

আয়াতঃ ৫০: ৩৬

া আরবি মূল আয়াত:

وَ كَم اَهلَكنَا قَبلَهُم مِّن قَرنٍ هُم اَشَدُّ مِنهُم بَطشًا فَنَقَّبُوا فِي البِلَادِ آ هَل مِن مَّحِيصِ ﴿٣۶﴾

আমি তাদের পূর্বে বহু প্রজন্মকে ধ্বংস করে দিয়েছি যারা পাকড়াও করার ক্ষেত্রে এদের তুলনায় ছিল প্রবলতর, তারা দেশ-বিদেশ চষে বেড়াত। তাদের কি কোন পলায়নস্থল ছিল? — আল-বায়ান

তাদের পূর্বে আমি কত জাতিকে ধ্বংস করে দিয়েছি যারা শক্তিতে ছিল তাদের চেয়ে প্রবল, যার ফলে তারা দুনিয়া চম্বে বেড়াত; তারা পালানোর কোন জায়গা পেয়েছিল কি? — তাইসিক্রল

আমি তাদের পূর্বে আরও কত মানব গোষ্ঠীকে ধ্বংস করেছি যারা ছিল তাদের অপেক্ষা শক্তিতে প্রবল, তারা দেশ-বিদেশে ভ্রমণ করে ফিরত। পরে তাদের অন্য কোন আশ্রয়স্থল রইলনা। — মুজিবুর রহমান

And how many a generation before them did We destroy who were greater than them in [striking] power and had explored throughout the lands. Is there any place of escape? — Sahih International

৩৬. আর আমরা তাদের আগে বহু প্রজন্মকে ধ্বংস করে দিয়েছি, যারা ছিল প্রবলতর, তারা দেশে দেশে ঘরে বেডাত: তাদের কোন পলায়নস্থল ছিল কি?

তাফসীরে জাকারিয়া

- (৩৬) আমি তাদের পূর্বে আরো কত মানবগোষ্ঠীকে ধ্বংস করেছি, যারা ছিল তাদের অপেক্ষা শক্তিতে প্রবল, তারা দেশে-বিদেশে ভ্রমণ করে ফিরত,[1] তাদের জন্য নিষ্কৃতির কোন পথ রইল না।
 - [1] فَنَقَبُوا فِي الْبِلاَدِ (দেশ-বিদেশে বিচরণ করে ফিরত) এর একটি অর্থ এই বর্ণনা করা হয়েছে যে, ব্যবসাবাণিজ্যের কাজে তারা বিভিন্ন শহরে মক্কাবাসীদের চেয়েও বেশী ভ্রমণ করত। কিন্তু যখন আমার আযাব এল, তখন তারা না কোথাও আশ্রয় পেল, আর না পালাবার কোন পথ।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4666

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন